02 SEP 2016

দৈনিক ইত্তেফাক

তারিখ: 02 AUG 2016 পৃষ্ঠা: ১৪ কলাম: ২

# কালিহাতীতে ৫৭ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

■ ভূঞাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

কালিহাতী উপজেলার ৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া উপজেলায় সরকারি ও বেসরকারি মিলিয়ে ১৭২টি প্রাথমিক বিদ্যালয়ে ১৮৬ জন সহকারী শিক্ষকের পদও খালি রয়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, কালিহাতী উপজেলায় দুটি পৌরসভা এবং ১৩টি ইউনিয়নে সরকারি-বেসরকারি মিলিয়ে ১৭২টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ১৭০টি সরকারি। তার মধ্যে ৫৭টিতে প্রধান শিক্ষকের পদ ও ১৮৬টিতে সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। বিদ্যালয়গুলোর মধ্যে মালতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বে থাকা রুবি রানী মোদক জানান, প্রাইমারিতে প্রায় ৪৫০ জন শিক্ষার্থী রয়েছে। এমনিতেই শিক্ষক সংকট তার ওপর দাপ্তরিক কাজের জন্য বিদ্যালয় বাদ দিয়ে উপজেলাসহ বিভিন্ন জায়গায় যেতে হয়। ফলে সঠিকভাবে পাঠদান করানো সম্ভব হচ্ছে না।

**এমনিতেই শিক্ষক সংকট তার ওপর দাপ্তরিক কাজের জন্য বিদ্যালয় বাদ দিয়ে উপজেলাসহ বিভিন্ন জায়গায় যেতে হয়। ফলে সঠিকভাবে পাঠদান করানো সম্ভব হচ্ছে না**

শিক্ষক সংকটের বিষয়টি স্বীকার করে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাকিয়া পারভিন জানান, যেসব বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষক নেই সেখানে সিনিয়র সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত হিসেবে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। বিদ্যালয়ের দাপ্তরিক কাজ করার জন্য সহকারী শিক্ষকদের বাড়তি পাঠদান এবং বিভিন্ন কার্যক্রম চালিয়ে যেতে হচ্ছে। ফলে কিছুটা অসুবিধা হচ্ছে। বিষয়টি নিয়ে প্রাথমিক শিক্ষা কমিটির সভায় একাধিকবার বলা হলেও কোনো সুরাহা হচ্ছে না।